

জেলা এসিড অপরাধ মামলা মনিটরিং সেল জয়পুরহাট-এর আগস্ট, ২০১৯ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: মোহাম্মদ জাকির হোসেন

জেলা ম্যাজিস্ট্রেট

জয়পুরহাট

স্থান: জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, জয়পুরহাট

তারিখ: ০৬/০৮/২০১৯ খ্রি., সময়: বেলা ১২.৪০ ঘটিকা


সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” ও “খ” দৃষ্টব্য।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর উন্মুক্ত আলোচনায় আলোচ্য মাসে এসিড অপরাধ দমন আইনে কোন মামলা দায়ের হয়নি মর্মে সভাকে অবহিত করা হয়। এসিড নিষ্ক্ষেপের ঘটনায় নারী ও শিশু নির্যাতন দমন আইন-২০০০-এ দায়েরকৃত জয়পুরহাট থানার মামলা নং-০৮ তারিখ- ১২/০১/২০১৬ (নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের মামলা নং-২৪২/১৬) মামলাটি বর্তমানে সাক্ষ্য গ্রহণ পর্যায়ে রয়েছে। মামলা নিষ্পত্তির লক্ষ্যে সরকার পক্ষকে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। এছাড়া নতুন কোন মামলা দায়ের হলে অধিক গুরুত্ব দিয়ে মামলা পরিচালনার জন্যও অনুরোধ জানানো হয়। এসিড সন্ত্রাসের কোন ঘটনা যেন ঘটাতে না পারে সে বিষয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীসহ সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। পাশাপাশি স্ব-স্ব অবস্থান থেকে সচেতনতা সৃষ্টির কার্যক্রম অব্যাহত রাখার প্রতি গুরুত্বারোপ করা হয়। সরকার কর্তৃক জারীকৃত আইন ও বিধিমালা যথাযথভাবে অনুসরণপূর্বক মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	১) এসিড অপরাধ দমন আইনে মামলা দায়ের	এসিড নিষ্ক্ষেপ ঘটনায় দায়েরকৃত নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০-এর মামলাটি নিষ্পত্তির লক্ষ্যে আইনানুগ কার্যক্রম গ্রহণ করতে হবে।	১) পুলিশ সুপার, জয়পুরহাট ২) বিজ্ঞ পিপি, জয়পুরহাট
২	২) এসিড ব্যবহারকারীর লাইসেন্স গ্রহণ	উপজেলা নির্বাহী অফিসারগণ স্ব-স্ব অধিক্ষেত্রের এসিড ব্যবহারকারী/ব্যবসায়ীগণকে নিয়ে নিয়মিত সভা করে এসিড ক্রয়-বিক্রয় ও ব্যবহারের লাইসেন্স গ্রহণসহ সার্বিক বিষয়ে নির্দেশনা প্রদান করবেন। নির্দেশনা অমান্যকারীগণের বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করবেন।	১) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট জয়পুরহাট ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৩) সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, জয়পুরহাট

পরিশেষে উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোহাম্মদ জাকির হোসেন)
জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট

ফোন: ০৫৭১-৬২২০৮

ফ্যাক্স: ০৫৭১-৬২৫৪৬

dcjoypurhat@mopa.gov.bd

পাতা নং-২


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
(জেএম শাখা)
www.joypurhat.gov.bd

নম্বর: ০৫.৪৩.৩৮০০.০২৬.০৬.০১৫.১৯- ১০৭২

তারিখ: ১৯/০৮/২০১৯ খ্রি.

সদয় অবগতির নিমিত্ত অনুলিপি:

- ০১। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- অবগতি ও কার্যার্থে অনুলিপি:
- ০৩। পুলিশ সুপার, জয়পুরহাট
- ০৪। সিভিল সার্জন, জয়পুরহাট
- ০৫। অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল), জয়পুরহাট
- ০৬। উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, জয়পুরহাট
- ০৭। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট
- ০৮। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (ভারপ্রাপ্ত কর্মকর্তা, জুডিশিয়াল মুন্সিখানা), জয়পুরহাট
- ০৯। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, জয়পুরহাট
- ১০। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, জয়পুরহাট
- ১১। নির্বাহী পরিচালক, এইচপিডিও (এনজিও), জয়পুরহাট
- ১২। জেলা ব্যবস্থাপক, ব্র্যাক (এনজিও), জয়পুরহাট



(সাদেকুর রহমান)

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট

ফোন: ০৫৭১-৬২২৫২

ফ্যাক্স: ০৫৭১-৬২৫৪৬

admjoypurhat@gmail.com

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা - পরিশিষ্ট “ক” (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পুলিশ সুপার, জয়পুরহাট
- ২। উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, জয়পুরহাট
- ৩। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট
- ৪। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (জুডিসিয়াল মুন্সিখানা), জয়পুরহাট কালেক্টরেট
- ৫। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, জয়পুরহাট
- ৬। জেলা ব্যবস্থাপক, ব্র্যাক (এনজিও), জয়পুরহাট

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট “খ”

- ১। সিভিল সার্জন, জয়পুরহাট
- ২। অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল), জয়পুরহাট
- ৩। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, জয়পুরহাট
- ৪। নির্বাহী পরিচালক, এইচপিডিও (এনজিও), জয়পুরহাট